আজকের কাগজ

তারিখ 31 MAR 1994
পৃষ্ঠা ৮ কলাম ৬

36

# ভিসি ডাকসু নির্বাচন নিয়ে পাতানো খেলায় মেতেছিলেন — ছাত্রলীগ (ম—ই)

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** আমাদের আন্দোলন এবং সাধারণ ছাত্র-ছাত্রীদের সমর্থনের প্রেক্ষিতে উপাচার্য ডাকসু নির্বাচন স্থগিত করতে বাধ্য হন। অথচ ভিসি চেয়েছিলেন এ নির্বাচনকে মাগুরার উপ-নির্বাচনের মতো প্রহসনে পরিণত করতে। আমরা তা হতে দিইনি। ছাত্রদল আর কামাল-মন্টুর খুনি প্রতিপালিত মাস্তানদের পৃষ্ঠপোষকতা করে বিশ্বদ্যিালয়ের পরিবেশ অসুস্থ করে রাখা হচ্ছে। এ পরিবেশে ভিসি ডাকসু নির্বাচন নিয়ে পাতানো খেলায় মগ্ন ছিলেন।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ছাত্রলীগ (ম-ই) নেতারা এ কথা বলেন। এতে লিখিত বক্তব্য পড়েন সংগঠনের সভাপতি মঈনুদ্দীন হাসান চৌধুরী। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রনেতা ফারুখ আহমদ, ইকবালুর রহিম, খিজির হায়াত লিজু, পংকজ নাথ, মাহবুবুল হক শাকিল, আকতার হোসেন, স্বপন বসু প্রমুখ।

ছাত্রলীগ নেতারা বলেন, ভিসি এমাজউদ্দিন আহমদ তার নিরপেক্ষতা হারিয়েছেন। তিনি সরকারের প্রেসক্রিপশন মতো হলে হলে সন্ত্রাসীদের পৃষ্ঠপোষকতা করছেন। আমরা তাই তার পদত্যাগ দাবি করছি। ইতিমধ্যে আমরা তাকে অসহযোগিতারও ঘোষণা দিয়েছি। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের পরিবেশ সুস্থতার দাবিও অব্যাহত থাকবে। ভিসির পদত্যাগ না করা পর্যন্ত আমরা গণতান্ত্রিক উপায়ে আন্দোলন চালিয়ে যাবো।

তারা আরো বলেন, যে কোনো সুস্থ পরিবেশে ডাকসু নির্বাচনে অংশগ্রহণের ইচ্ছে আমাদের আছে। তবে সে ক্ষেত্রেও ভিসির পদত্যাগ করতে হবে। এ ভিসির অধীন আমরা কোনো ডাকসু নির্বাচন করতে পারি না।